যুগান্তর

10 MAY 2012

তারিখ .....
পৃষ্ঠা ...৬... কলাম ...৬...

সমাবেশে বক্তারা

# শিক্ষকদের কথা শুনতে চান না গণশিক্ষা সচিব

যুগান্তর রিপোর্ট

শিক্ষাখাতে হাজার হাজার কোটি টাকা ব্যয় করা হলেও প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন হচ্ছে না। শত শত কোটি টাকা লুটপাট ও অর্থের অপচয় হচ্ছে। এমনকি বর্তমান গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব শিক্ষকদের কথা শুনতে চান না। তার কাছে গেলে তিনি ছাড়ার বক্তৃতা দেন। কিছুই শুনতে চান না। এমন সচিব থাকতে প্রাথমিক শিক্ষার বিরাজমান সমস্যা সমাধান সম্ভব নয়। বুধবার সকাল ১০টায় রাজধানীতে জাতীয় প্রেস ক্লাবের সামনে চাকরি স্থায়ীকরণের দাবিতে আয়োজিত ধর্মঘট কর্মসূচির আলোচনায় বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির নেতারা এসব অভিযোগ করেন। তারা এ উপলক্ষে আগামী অর্থবছরের বাজেটে বরাদ্দ পরিকল্পনা প্রণয়নেরও দাবি করেন সরকারের কাছে। শিক্ষক সমিতির নেতারা তাদের সব দাবিদাওয়া আদায়ে সরকারকে এগিয়ে আসার আহ্বান জানিয়ে বলেন, এবার তাদের দাবি না মানলে দেশব্যাপী বৃহত্তর আন্দোলন গড়ে তোলা হবে। বেসরকারি শিক্ষক সমিতি বাংলাদেশের সভাপতি মোহাম্মদ সামসুল আলম তার বক্তব্যে বলেন, সরকার তিনটি বাজেট প্রদান করলেও শিক্ষকদের একটি কানাকড়িও প্রদান করেনি। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন কেন্দ্রীয় মহাসচিব সুলতান মোহন সাহা, উপদেষ্টা এমএ জব্বার, হাফিজুর রহমান, মোঃ হুমায়ুন আলী, এম সোবহান, হরন কুমার রায়, মহানগর সভাপতি এমএ মান্নান ও সাধারণ সম্পাদক ছাব ইসলাম, মহিলা সম্পাদিকা কাজী নাজনীন সুলতানা প্রমুখ।